## অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

**ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা** ঃ মোঃ মোশারফ হোসেন, পিতাঃ মৃত মশর উদ্দিন আহমেদ, মাতাঃ মোছাঃ আছিরন নেছা, ঠিকানাঃ উঃ সিন্দুর্না, সিন্দুর্না, হাতীবান্ধা, লালমনিরহাট।

এই মর্মে সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসেবে ব্যাংকের পাওনা =২৯,৪৫,৮৮৮/- টাকা (কথায়ঃ উনোত্রিশ লক্ষ পয়চল্লিশ হাজার আটশত আটাশি) (অনারোপিত সুদ বাদে) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোঃ/প্লেজ মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মাণাদিসহ) যাহা জনাব মোঃ মোশারফ হোসেন, জনাব মোঃ খতিব উদ্দিন, জনাব মোঃ আবু বক্কর সিদ্দিক ও জনাব মোঃ আবু সায়েম- সকলের পিতাঃ মৃত মশর উদ্দিন আহমেদ, ঠিকানাঃ উঃ সিন্দুর্না, সিন্দুর্না, হাতীবান্ধা, লালমনিরহাট ব্যাংকের নিকট রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে বন্ধককৃত ও বিক্রয়ের ক্ষমতা অর্পন করিয়া অপ্রত্যাহারযোগ্য আমমোক্তারনামা সম্পাদন করিয়া দেওয়া আছে তাহা অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকীকৃত সম্পত্তির তফসিলঃ

জেলাঃ লালমনিরহাট, উপজেলাঃ হাতীবান্ধা

| মৌজা | জেএল | খতিয়ান নং | | | দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| | | সিএস | এসএ | খারিজ | | |
| পূর্ব নওদাবাস | ৫৩ | ৪৫,৬৭ | ৫৬,৯৬ | ১৬৭৫ | ৪২৫১, | ০.৪৬৫০ একর |
| | | | | | ৪২৫২ | ০.০১০০ একর |
| টংভাঙ্গা | ৪৬ | ২৪৮ | ৪২১ | ৮৬৪ | ২ | ০.১৪০০ একর |
| মোট= | | | | | | ০.৬১৫০ একর |

### বন্ধকীকৃত সম্পত্তির চৌহদ্দিঃ

জেলাঃ লালমনিরহাট, উপজেলাঃ হাতীবান্ধা, মৌজাঃ পূর্ব নওদাবাস সিএস খং নং-৪৫,৬৭, এসএ খং নং-৫৬, ৯৬, খারিজ খং নং-১৬৭৫ঃ

১। দাগ নং- ৪২৫১ ও ৪২৫২

উত্তরে- মোঃ সোহরাব আলী
দক্ষিনে- মোঃ শাহ আলম
পূর্বে-মোঃ সোহরাব আলী
পশ্চিমে-রমেশ চন্দ্র

~~২। দাগ নং- ৪২৫২~~

~~উত্তরে- মোঃ সোহরাব আলী~~
~~দক্ষিনে- মোঃ শাহ আলম~~
~~পূর্বে-মোঃ সোহরাব আলী~~
~~পশ্চিমে-রমেশ চন্দ্র~~

জেলাঃ লালমনিরহাট, উপজেলাঃ হাতীবান্ধা, মৌজাঃ টংভাঙ্গা, সিএস খং নং-২৪৮, এসএ খং নং-৪২১,
খারিজ খং নং-৮৬৪ঃ

১। দাগ নং- ২

উত্তরে- মোঃ তাহাজুল আলম খান
পূর্বে-তজলিম উদ্দিন
দক্ষিনে- আব্দুল মতিন
পশ্চিমে-লালমনিরহাট -পাটগ্রাম মহাসড়ক

**শর্তসমূহ ঃ** ২৭/০৮/

১.০ আগামী ~~২৭/০৭~~/২০২৫ ইং তারিখ বেলা ৪.০০ ঘাটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি হাতীবান্ধা শাখা/শাখা/অফিস, লালমনিরহাট এ রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌঁছাইতে হইবে।

২.০ দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

৩.০ পত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলো ঃ

| আর্নেষ্ট মানি/ জামানতের পরিমান | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|
| ক) উদ্ধৃত দর ২০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) উদ্ধৃত দর ২০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যো ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

৪.০ দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি খরিদ করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ন মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

৫.০ দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

৬.০ দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিলভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

৭.০ নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

৮.০ ঋণগ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

৯.০ কর্তৃপক্ষ কোন কারন দর্শানো কিংবা কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০.০ দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা ফেরত দেওয়া হইবে।

১১.০ নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ম্যানেজার
মোবাইল নম্বর ঃ ০১৭৫৫-৫৮৪৮৬১।
**মোঃ মতিউজ্জামান**
ম্যানেজার(প্রিন্সিপাল অফিসার)
পি-৮১১৯